APR 22 2002

ভোরের কাগজ

তারিখ ......
পৃঃ ৩ কলাম ৩

# আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠান কাল

আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (আউষ্ট)-এর সমাবর্তন অনুষ্ঠান আগামীকাল সোমবার সকাল ৯টা ৩০ মিনিটে ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে। রাষ্ট্রপতি এবং বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী উক্ত সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন এবং স্নাতকদের ডিগ্রি প্রদান করবেন। শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে এবং বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি প্রফেসর ড. ওয়াহিদউদ্দিন আহমদ সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত থাকবেন। এছাড়া বক্তব্য রাখবেন ঢাকা আহছানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলম, বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেটের চেয়ারম্যান কাজী ফজলুর রহমান এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এম এইচ খান।

উল্লেখ্য, ঢাকা আহছানিয়া মিশনের উদ্যোগে ১৯৯৫ সালে দেশের প্রথম বেসরকারি প্রকৌশল বিশ্ববিদ্যালয় হিসেবে আহছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (আউষ্ট) আত্মপ্রকাশ করে এবং এবারই এ বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠিত হচ্ছে। বিজ্ঞপ্তি।